

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রের দলিল (জাতীয়)

আরএফকিউ নং-শেপবিস-০৮/২০২৩-২০২৪



ISO 9001: 2015 certified

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক “রিবণ” সরবরাহ কাজের দরপত্র দলিল

প্রশাসন বিভাগ

ভাতশালা, শেরপুর।

মোবাইল - ০১৭৬৯-৪০০৭৭৪

ই-মেইল- sherpurpbs@yahoo.com

ওয়েব সাইট- www.pbs.sherpur.gov.bd.





স্মারক নম্বর: ২৭.১২.৮৯৮৮.৫৬৩.০১.০৩৮.২৩. ৬৮৩৭

তারিখ: ০৮ পৌষ' ১৪৩০ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর' ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়:-ডট প্রিন্টার রিবণ (EPSON LQ-2190) সরবরাহের জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

প্রতি,

.....
.....

১. শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্ন বর্ণিত বিবরণ ও স্পেসিফিকেশন মোতাবেক “ডট প্রিন্টার রিবণ (EPSON LQ-2190)” সরবরাহের জন্য বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী/উৎপাদনকারী/ঠিকাদার প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নোক্ত বিবরণ ও শর্ত সাপেক্ষে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে রিকোয়েস্ট ফর কোটেশন (RFQ) পদ্ধতিতে দরপত্র আহ্বান করা যাচ্ছে।
২. আমদানীকারক নিজে দরদাতা হলে Authorized Sole Agent হিসেবে ব্র্যান্ডের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। দরদাতা আমদানীকারক না হলে দর দাখিলকৃত ব্র্যান্ডের আমদানী কারক প্রতিষ্ঠানের নিকট হতে মালামাল/পণ্য সরবরাহের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র নন-রেসপনসিভ হিসেবে গণ্য হবে। মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
৩. অত্রসাথ সংযুক্ত ‘কোটেশন দলিল’ ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ওয়েব সাইট www.reb.gov.bd ও অত্র পবিসের ওয়েব সাইট www.pbs.kishoreganj.gov.bd হতে ডাউন লোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে অথবা আবেদনের মাধ্যমে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মুকসেদপুর, শেরপুর হতে কোটেশন দলিল সংগ্রহ করা যাবে। নির্ধারিত কোটেশন ব্যতিত অন্য কোন কাগজ বা ফরমে কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর কর্তৃক নির্ধারিত স্থান (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ভাতশালা, শেরপুর এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে।
৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
৬. সিলমোহরকৃত খামে আগামী ২৮/১২/২০২৩খ্রি. তারিখ এবং সময় বেলা ১১:০০ ঘটিকা বা এর পূর্বে কোটেশন স্থান (ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (খ) শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, ভাতশালা, শেরপুর এ রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। কোটেশনের খামে “ডট প্রিন্টার রিবণ” সরবরাহের জন্য কোটেশন এবং আগামী ২৮/১২/২০২৩খ্রি. তারিখ বেলা ১১:০৫ ঘটিকা বা এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৭. দাখিলকৃত বা প্রাপ্ত কোটেশন সমূহ আগামী ২৮/১২/২০২৩খ্রি. তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠানো হবে।
৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৯০দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।
৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-০৪ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি কর্তৃক দরপত্রসমূহ প্রকাশ্যে উন্মুক্ত করা হবে।



